

বিস্মৃতি আহমেদ সাবের

কথা তো দেওয়া ছিল, এক দিন ফিরে যাব সমুদ্রের কাছে,
সমুদ্রের লোনা জলে, ভেসে যাব দেশান্তরী পাখীদের মত,
কখনোবা মেঘ হয়ে মিশে যাব, সমুদ্রের দিগন্ত সীমায়,
যেমন শৈশব আসে স্বপনের সিঁড়ি বেয়ে রাত্রির সোপানে।

স্মৃতিতো খেয়েছি গিলে কোন কালে, বয়সের মতো,
চালতা বাদুর গুলো দক্ষিণের ক্ষেতে, জোনাকীর সাথে,
গ্লাইডার পাখা মেলে, মিশে গেছে, হিম হয়ে, বাতাসের মতো।
বেতশ বনের ফাঁকে, অশ্বল্থ কোটরে, তক্ষকের ডাক
বৃষ্টির শরীরে মিশে, ধুয়ে মুছে সাফ হয়ে গেছে।

সামান্য ভান্ডারে আর, কতখানি স্মৃতি রাখা যায়?
স্মৃতির থলেয় ঢুকে কতগুলো ছিনাল ইদুর,
শাঁখ রং দাঁত দিয়ে কাটাকুটি করে ফুটো রেখে গেছে।
সেই সব ফুটো দিয়ে স্মৃতি গলে যায়, তরল মোমের মত,
গলে যায়, গলে যায়, গ..লে যা..য়।

জীবন জানালা দিয়ে আঁতি পাতি করে স্মৃতি খুঁজি,
যেমন হঠাৎ করে ঢুকে গেছি অচেনা ভান্ডারে।

কিন্তু কেমন করে সমুদ্রের কাছে যাই?
নগর জঙ্গল থেকে বেরুনোর চাবি, কোন খানে, কোন কালে,
হারিয়ে ফেলেছি - সে কথার কণা মাত্র মনে নেই।
চৈত্রের ধুলোর মাঝে, গাঁজনের মাদলের ধুন - আজো মনে আছে, তবে
মুক্তির চাবির স্মৃতি, শিশিরের মতো, ভোরের আলোর সাথে মিশে গেছে।

Sydney November 12, 2008